

পরিপত্র

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগে অনুসরণীয় পদ্ধতি।

সরকার এস.আর.ও. নং- ৩০৯-আইন/২০১৫, তারিখ : ২১ অক্টোবর, ২০১৫ এর মাধ্যমে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন ২০০৫ (২০০৫ সনের ১নং আইন) এর ধারা ২১ এ প্রদত্ত ক্ষমতাবলে বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ এর অধিকতর সংশোধন করেছে। এ প্রেক্ষিতে এন.টি.আর.সি.এ.'র বিদ্যমান আইন ও বিধির সাথে সংগতি রেখে বেসরকারি শিক্ষক নিয়োগ সংক্রান্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ০১/০১/১৯৮২ তারিখের ০১(বিজ্ঞপ্তি)-ম/০১/১৪০০-ম নম্বর বিজ্ঞপ্তিসহ ইতোপূর্বে শিক্ষা মন্ত্রণালয়-মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষের জারিকৃত অন্যান্য সকল পরিপত্র/বিজ্ঞপ্তি/নীতিমালা/নির্দেশনা/স্মারক ইত্যাদি-তে বর্ণিত পদ্ধতি বাতিলপূর্বক নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো :

- ১.০. প্রযোজ্যতা: বেসরকারি শিক্ষক নিয়োগের লক্ষ্যে অনুসরণীয় এ পদ্ধতি কেবল প্রথম প্রবেশ পর্যায়ে (Entry Level) শিক্ষক নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হবে। প্রতিষ্ঠান প্রধান বা সহকারী প্রধানসহ যে সব শিক্ষক পদে নিয়োগের জন্য অভিজ্ঞতার প্রয়োজন রয়েছে সে সব পদে নিয়োগের ক্ষেত্রে এ পদ্ধতি প্রযোজ্য হবে না।
- ২.০. প্রত্যেক বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির অনুমোদনক্রমে পরবর্তী পঞ্জিকা বছরে তাঁর প্রতিষ্ঠানের শিক্ষকদের নিয়োগযোগ্য পদের একটি চাহিদাপত্র উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করবেন।
  - ২.১. উপজেলা-থানা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রাপ্ত সব শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা একীভূত করে ৩১ অক্টোবরের মধ্যে একটি সংকলিত/সমন্বিত চাহিদাপত্র জেলা শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করবেন।
  - ২.২. জেলা শিক্ষা অফিসার উক্ত চাহিদাসমূহ একীভূত করে ৩০ নভেম্বরের মধ্যে জেলার একটি সংকলিত/সমন্বিত চাহিদাপত্র (Hard Copy ও Soft Copy) এন.টি.আর.সি.এ.-তে প্রেরণ নিশ্চিত করবেন।
- ৩.০. এন.টি.আর.সি.এ. প্রতিবছর প্রার্থী বাছাই সংক্রান্ত সকল পরীক্ষা গ্রহণ করে প্রাপ্ত চাহিদা অনুযায়ী পদ/বিষয়ভিত্তিক জাতীয়-বিভাগ-জেলা-উপজেলা-থানাওয়ারী মেধাক্রম প্রণয়ন করে ফলাফল ঘোষণা করবে।
- ৪.০. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির অনুমোদনক্রমে প্রথম প্রবেশ পর্যায়ে (Entry Level) শিক্ষক নিয়োগের লক্ষে সংশ্লিষ্ট পদে নিয়োগের ন্যূনতম ০২ (দুই) মাস পূর্বে প্রতিষ্ঠানের জনবল কাঠামোতে সরকার নির্ধারিত কোটার প্রাপ্যতা উল্লেখপূর্বক এন.টি.আর.সি.এ.-তে অধিযাচনপত্র প্রেরণ করবেন। এন.টি.আর.সি.এ. উক্ত অধিযাচনপত্রের ভিত্তিতে [www.ntca.gov.bd](http://www.ntca.gov.bd) -ওয়েবসাইটে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করবে এবং নিবন্ধিত প্রার্থীবৃন্দ অন-লাইনে আবেদন করবেন।

- ৫.০. এন.টি.আর.সি.এ. অন-লাইনে আবেদন প্রাপ্তির পর চাহিদা ও মেধাক্রম অনুযায়ী প্রার্থীদের অবহিত রেখে নিয়োগযোগ্য প্রতিটি পদের বিপরীতে ০১ জন করে প্রার্থীর নাম অবিষাচনকারী প্রতিষ্ঠানে প্রেরণ করবে এবং সে অনুসারে নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে ক্ষেত্রমত ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি নির্বাচিত প্রার্থী বরাবর ০১ (এক) মাসের মধ্যে নিয়োগপত্র জারি করবে।
- ৬.০. এন.টি.আর.সি.এ. কর্তৃক কোন শিক্ষা প্রতিষ্ঠানের নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের সময় সংশ্লিষ্ট উপজেলার মেধাতালিকা অগ্রাধিকার পাবে। উপজেলায় যোগ্য প্রার্থী না পাওয়া গেলে জেলা মেধাতালিকা এবং তা-ও না পাওয়া গেলে বিভাগীয় মেধাতালিকাকে অগ্রাধিকার দেয়া হবে। অগ্রাধিকারযোগ্য উপজেলা হতে বিভাগীয় মেধাতালিকা পর্যন্ত যোগ্য প্রার্থী না থাকলে জাতীয় মেধাতালিকা বিবেচনা করা হবে। তবে,
- ৬.১. বিভাগীয় সদর এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগের ক্ষেত্রে শুধু সংশ্লিষ্ট বিভাগের প্রার্থী অগ্রাধিকার পাবেন। অগ্রাধিকারযোগ্য প্রার্থী না পাওয়া গেলে পরবর্তী কোন অগ্রাধিকার বিবেচ্য হবে না- জাতীয় মেধাতালিকা অনুসারে নিয়োগের জন্য প্রার্থী নির্বাচন করা হবে।
- ৬.২. রাজধানী শহর হিসেবে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগের ক্ষেত্রে কোন অগ্রাধিকার বিবেচনা করা হবে না-জাতীয় মেধাতালিকা অনুসারে নিয়োগের জন্য প্রার্থী নির্বাচন করা হবে।
- ৭.০. কর্মরত কোন শিক্ষক যদি অন্য কোন প্রতিষ্ঠানে নিয়োগ পেতে আবেদন করেন তবে তাকেও অপরাপর আবেদনকারীদের একইরূপ মেধাক্রমের ভিত্তিতে নিয়োগের জন্য বিবেচনা করা হবে।
- ৮.০. ইতোপূর্বে নিবন্ধিত মেধাতালিকা বহির্ভূত প্রার্থীদের ক্ষেত্রে নিবন্ধন সনদে উল্লেখিত ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে নিয়োগের জন্য মেধাক্রম নির্ধারিত হবে।
- ৯.০. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)-কারিগরী শিক্ষা অধিদপ্তর-শিক্ষা বোর্ডসমূহসহ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের বিদ্যমান আইন-বিধি-প্রবিধি ইত্যাদি-তে বেসরকারি শিক্ষক নিয়োগের লক্ষ্য পরীক্ষা গ্রহণ, প্রার্থী বাছাই ও নিয়োগ বিষয়ে বর্ণিত কোন বিধান যদি বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ ও বর্তমান পরিপত্রের সাথে সাংঘর্ষিক হয় তাহলে উক্ত বিধানসম্বলিত আইন-বিধি-প্রবিধি সংশোধনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ পরিপত্র জারির ৩ (তিন) মাসের মধ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।
- ১০.০. গত ১১ নভেম্বর ২০১৫ তারিখে জারিকৃত ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫ (অংশ)-৯৪২ নং পরিপত্রটি এ সাথে বাতিল করা হলো।

স্বাক্ষর/

০০.১২.২০১৫

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব